পরিবহন-বিতরণে দক্ষতা বাড়াচ্ছে এমজেএল

বিতরণ ব্যবস্থায় দক্ষতা বাড়ানোর চেষ্টা করছে এমজেএল বাংলাদেশ লিমিটেড। শিল্প-কারখানা, বিদ্যুেকেন্দ্র ও অন্য বড় গ্রাহকদের কাছে লুব্রিক্যান্ট পৌঁছে দিতে ছোট ড্রামের বদলে আধুনিক বাল্ক ট্রান্সপোর্টার ব্যবহার শুরু করেছে কোম্পানিটি। এতে সময় ও ব্যয়সাশ্রয়ের পাশাপাশি গতি এসেছে বিক্রিতেও। আমদানি করা কাঁচামাল পরিবহনসাশ্রয়ী করতে নিজস্ব ট্যাংকার কেনারও উদ্যোগ নিয়েছে তারা।জানা যায়, শেয়ারবাজারে তালিকাভুক্ত লুব্রিক্যান্ট কোম্পানিটি এত দিন ২২০ লিটার ধারণক্ষমতার ড্রামের মাধ্যমে শিল্প গ্রাহকদের লুব্রিক্যান্ট সরবরাহ করে আসছিল। গত জুলাই থেকে ড্রামের বদলে বাল্ক ট্রান্সপোর্টারে করে পণ্য সরবরাহ শুরু হয়। একেকটি বাল্ক ট্রান্সপোর্টারের ধারণক্ষমতা ১ হাজার লিটার।জানতে চাইলে এমজেএল বাংলাদেশের কোম্পানি সচিব মীর মো. রকিবুল কবীর বণিক বার্তাকে বলেন, আগে আমরা ড্রামে করে লুব্রিক্যান্ট সরবরাহ করতাম। এতে সময় বেশি লাগত এবং এগুলোর ধারণক্ষমতাও খুব বেশি ছিল না। টার্গেট ইঞ্জিন পর্যন্ত লুব্রিক্যান্ট পৌঁছাতে এ ব্যবস্থায় ঝামেলা তুলনামূলক বেশি ছিল। এ কারণে বর্তমানে আমরা ড্রামের বদলে বাল্ক ট্রান্সপোর্টারে পণ্য সরবরাহ করছি। এতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কাছ থেকেও বেশ ভালো সাড়া পাচ্ছি, বিশেষ করে বিদ্যুত্ প্লান্টগুলো থেকে। ইঞ্জিন বড় হওয়ায় সেখানে লুব্রিক্যান্টের বেশ চাহিদা এবং তারা বাল্কেই স্বাচ্ছন্দ্য বোধ করছে।http://bonikbarta.net

জর্জিয়ার মাধ্যমে ইউরোপে বাজার সম্প্রসারণে আগ্রহী বিজিএমইএ

জর্জিয়ার মাধ্যমে ইউরোপের বাজার আরো সম্প্রসারণ করতে চান তৈরি পোশাক খাতের মালিক প্রতিনিধি সংগঠন বিজিএমইএর নেতারা। গতকাল দেশটির সরকার প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় এ আগ্রহ প্রকাশ করেন তারা।জর্জিয়ার ডেপুটি ফরেন মিনিস্টার ডেভিড জালাগানিয়ার নেতৃত্বে বাংলাদেশ সফররত একটি প্রতিনিধি দল গতকাল সকালে বিজিএমইএর কার্যালয়ে সংগঠনটির নেতাদের সঙ্গে সাক্ষাত্ করে। বিজিএমইএ সভাপতি মো. সিদ্দিকুর রহমানসহ এ সময় উপস্থিত ছিলেন সংগঠনটির সহসভাপতি (অর্থ) মোহাম্মদ নাছির, পরিচালক মো. শহিদুল হক মুকুল, মিরান আলী, মো. মনির হোসেন ও আনম সাইফউদ্দীন। সাক্ষাত্কালে তারা বাংলাদেশ ও জর্জিয়ার মধ্যকার দ্বিপক্ষীয় বাণিজ্য নিয়ে আলোচনা করেন। জর্জিয়ার ডেপুটি ফরেন মিনিস্টার ডেভিড জালাগানিয়ার সঙ্গে এ সময় দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা নানা গ্যাপ্রিনড্যাশভিলিও উপস্থিত ছিলেন। এছাড়া সভায় তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও জর্জিয়ার নন-রেসিডেনশিয়াল রাষ্ট্রদূত মো. আল্লামা সিদ্দিকী বক্তব্য রাখেন।http://bonikbarta.net

পূর্ণাঙ্গ স্থলবন্দর হিসেবে যাত্রার অপেক্ষায় তামাবিল

সিলেটের গোয়াইনঘাট উপজেলার তামাবিল শুল্ক স্টেশনকে পূর্ণাঙ্গ স্থলবন্দর হিসেবে ঘোষণা দেয়া হয় ২০০২ সালের জানুয়ারিতে। কিন্তু দেড় দশকের বেশি সময় পেরিয়ে গেলেও ঘোষণা অনুযায়ী কার্যক্রম শুরু করা যায়নি। তবে আশার কথা হলো, শিগগিরই পূর্ণাঙ্গ স্থলবন্দর হিসেবে কার্যক্রম শুরু করতে যাচ্ছে তামাবিল। নির্মাণকাজসহ সব ধরনের প্রস্তুতি সম্পন্নের পর নতুন এ স্থলবন্দর এখন উদ্বোধনের অপেক্ষায় রয়েছে।গতকালই অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও নৌ-পরিবহনমন্ত্রী শাজাহান খানের এ কার্যক্রম উদ্বোধন করার কথা ছিল। তবে অনিবার্য কারণে অর্থমন্ত্রী উপস্থিত থাকতে না পারায় উদ্বোধন পিছিয়ে যায়। শিগগিরই আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে তামাবিলে পূর্ণাঙ্গ স্থলবন্দরের কার্যক্রম শুরু করা হবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।জানা যায়, ঘোষণার ১৩ বছর পর ২০১৫ সাল থেকে স্থলবন্দরের জন্য জমি অধিগ্রহণ ও অবকাঠামো নির্মাণকাজ শুরু হয়। সে সময় ২০১৬ সালের মধ্যে পূর্ণাঙ্গ স্থলবন্দরের কার্যক্রম শুরুর আশ্বাস দেয়া হলেও নির্মাণকাজের ধীরগতির কারণে গত বছর তা চালু করা সম্ভব হয়নি।http://bonikbarta.net

সম্ভাব্য তেল নিষেধাজ্ঞায় সংকটে পড়বে উ. কোরিয়ার মৎস্য খাত

উত্তর কোরিয়ার ক্রমবর্ধমান অস্ত্র কর্মসূচি প্রতিরোধের চেষ্টা করে যাচ্ছে মার্কিন নেতৃত্বাধীন পশ্চিমা বিশ্ব। সর্বশেষ প্রচেষ্টার অংশ হিসেবে দেশটিতে তেল রফতানির ওপর নিষেধাজ্ঞা আরোপের কথা বিবেচনা করা হচ্ছে। তবে এ ধরনের পদক্ষেপ পিয়ংইয়ংয়ের অস্ত্র কর্মসূচিকে প্রভাবিত করার আগে বেশি ক্ষতিগ্রস্ত করবে দেশটির জাহাজ শিল্প ও মৎস্যজীবীদের। খবর নিক্কেই এশিয়ান রিভিউ।উত্তর কোরিয়ায় তেল রফতানিতে নিষেধাজ্ঞা অস্ত্র কর্মসূচির দ্রুত সমাপ্তি টানতে পারবে কিনা, বিষয়টি স্পষ্ট নয়। তবে এ নিষেধাজ্ঞা অবৈধভাবে মৎস্য আহরণের সঙ্গে জড়িত উত্তর কোরিয়ার বিশাল সংখ্যক মাছ ধরা জলযানের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। দরিদ্র দেশটির খাদ্যের অত্যন্ত গুরুত্বপূর্ণ উত্স সামুদ্রিক মৎস্য।http://bonikbarta.net

মালয়েশিয়ায় পাম অয়েলের মজুদ বেড়েছে ৮.৭৯%

পাম অয়েল উৎপাদন ও রফতানিকারক দেশগুলোর তালিকায় মালয়েশিয়ার অবস্থান বিশ্বে দ্বিতীয়। চলতি বছর দেশটিতে পাম অয়েলের বাড়তি উৎপাদন হয়েছে। এ কারণে আগস্টে মালয়েশিয়ায় পণ্যটির মজুদ বেড়েছে আগের মাসের তুলনায় ৮ দশমিক ৭৯ শতাংশ। একই সময় দেশটি থেকে পাম অয়েলের রফতানিও বেড়েছে আগের মাসের তুলনায় ৬ দশমিক ৪৩ শতাংশ। মালয়েশিয়ান পাম অয়েল বোর্ডের (এমপিওবি) সাম্প্রতিক মাসভিত্তিক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। খবর স্টার অনলাইন।প্রতিবেদন অনুযায়ী, আগস্টে মালয়েশিয়ায় পাম অয়েল মজুদের পরিমাণ ১৯ লাখ ৪০ হাজার টনে দাঁড়িয়েছে, যা আগের মাসের তুলনায় ৮ দশমিক ৭৯ শতাংশ বেশি। জুলাইয়ে পণ্যটির মজুদের পরিমাণ ছিল ১৭ লাখ ৮০ হাজার টন। http://bonikbarta.net

পিইবি স্টিল ও পিএইচপি স্টিলের মধ্যে চুক্তি স্বাক্ষর

পিইবি স্টিল অ্যালায়েন্স লিমিটেড সম্প্রতি পিএইচপি ইন্টেগ্রেটেড স্টিল মিলস লিমিটেডের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে। প্রতিষ্ঠান দুটির মধ্যে ৮৪০০ মেট্রিক টন স্টিল চুক্তি স্বাক্ষরিত হয়, যা স্টিল শিল্পের ইতিহাসে এ যাবৎ কালের বৃহত্তম। পিএইচপি ফ্যামিলির পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর মোহাম্মদ ইকবাল হোসেন এবং পিইবি স্টিলের পক্ষে চেয়ারম্যান ইঞ্জিনিয়ার নেওয়াজ খান চুক্তিটি স্বাক্ষর করেন। http://www.ittefaq.com.bd

এক মাসের ব্যবধানে দুইবার বাড়ল সোনার দাম

প্রতি ভরিতে দেড় হাজার টাকার বেশি দাম বেড়ে ৫০ হাজার ১৫৫ টাকায় বিক্রি হচ্ছে স্বর্ণ। গতকাল সোমবার থেকে এই দাম কার্যকর হয়েছে বলে জানা গেছে। গত রবিবার বাংলাদেশ জুয়েলারি সমিতি স্বর্ণের দাম বৃদ্ধির ঘোষণা দেয়। এতে এক মাসের ব্যবধানে দুবার বাড়ানো হয়ছে স্বর্ণের দাম। নতুন দর অনুযায়ী প্রতি ভরি ভালো মানের (২২ ক্যারেট বা ১১ দশমিক ৬৬৪ গ্রাম) স্বর্ণ বিক্রি হচ্ছে ৫০ হাজার ১৫৫ টাকায়। ২১ ক্যারেট ৪৭ হাজার ৮২২ টাকা এবং ১৮ ক্যারেট সোনা বিক্রি হচ্ছে ৪১ হাজার ৯৯০ টাকায়। আর সনাতন পদ্ধতির সোনার ভরি বিক্রি হচ্ছে ২৬ হাজার ৮২৭ টাকায়। http://www.kalerkantho.com

ইউরোপে পোশাক বাজার বাড়াতে চায় উদ্যোক্তারা

ইউরোপিয়ান ইউনিয়নের পূর্ব-পশ্চিম, উত্তর-দক্ষিণ সব দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ দেশ জর্জিয়ায় পোশাক রপ্তানির মাধ্যমে ইউরোপের বাজার আরো সম্প্রসারণ করতে চায় দেশের এ খাতের উদ্যোক্তারা। ঢাকায় সফররত দেশটির উপপররাষ্ট্রমন্ত্রী ডেভিড জালাগানিয়ার সঙ্গে পোশাক প্রস্তুত ও রপ্তানিকারকদের শীর্ষ সংগঠন বিজিএমইএ নেতাদের সঙ্গে মতবিনিময়ে এমন আশা করছেন তাঁরা। http://www.kalerkantho.com